# মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

## 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৫/০৪/২০১৯ ইং তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮, ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. জেন্ডার এ্যাকশন প্লানের আওতায় বরাদ্দকৃত অর্থ যথাযথ খরচ করণ প্রসংগে ।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুবু করেন।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৭/০৩/২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়। | পঠিত ও গৃহীত হল। |
| জেন্ডার এ্যাকশন প্লানের আওতায় বরাদ্দকৃত অর্থ যথাযথ খরচ করণ প্রসংগে । | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, আজকের আলোচনার বিষয় হিসেবে নির্ধারিত জেন্ডার এ্যাকশন প্লানের আওতায় বরাদ্দকৃত অর্থ যথাযথ খরচ করণ। তিনি বলে প্রতিবারের ন্যায় এবার জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নের জন্য বাজেটে প্রায় দশ লক্ষ টাকা বরাদ্দ রাখা আছে। কিন্ত বিগত ৯ মাসে এই বাজেটের সঠিক খরচ হয়নি। এ বিষয়ে তিনি উপস্থিত সকলের মতামত জানতে চান। উপস্থিত সকল সদস্য একমত পোষন করে বলেন, বাজেট পরিকল্পনা অনুযায়ী খরচ করার কথা থাকলেও তা পরিমান মতো খরচ করা যায়নি। এ ব্যাপারে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করা হয়।<br>এ বিষয়ে মেয়র মহোদয় সভায় বলেন, বিষয়টি | পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য এ ব্যাপারে কাজ করবেন। |

| | | |
|---|---|---|
| | অবশ্যই গুরুত্বপূর্ণ। তিনি জানান, প্রতি বছরের ন্যায় এবার জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নে বাজেট বরাদ্দ রাখা আছে। এ বাজেটের কিছু অংশ ইতি মধ্যে খরচ করা হয়েছে। তিনি বলেন, আপনার সকলেই জানেন, পৌরসভার আর্থিক অবস্থা মোটেও ভাল নয়। তার পরেও আমি চেষ্টা করেছি যথাযথ কাজ করার জন্য। আগামী ২ মাসে জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নে আরোও কাজ করা হবে। তবে বাজেটে বরাদ্দের সব টাকা খরতে না পারলেও চেষ্টা করা হবে। এ ব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | |
| বিবিধ | জনাব সৈয়দ মনজুরুল কবীর, কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা, সভায় জানান নতুন বাসটার্মিনাল মেহেরপুর বাসির সম্পদ। এখানে আধুনিক মানের সুযোগ-সুবিধা রাখতে হবে। নারী ও পুরুষের জন্য আলাদা কাউন্টারের পাশাপাশি নারী ও পুরুষের জন্য আলাদা বিশ্রামাগার করাও প্রয়োজন। এ বিষয়ে তিনি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন।<br><br>মেয়র মহোদয় বলেন, এ বিষয়ে তিনি কাউন্সিলর মহোদয়ের সাথে একমত। তিনি জানান, মেহেরপুর বাস ষ্টান্ডে নারী ও পুরুসের জন্য আলাদা বিশ্রামাগার নির্মান করা আছে। এই বিশ্রামাগার আধুনিক মানের না হলে সেটি আধুনিক মানের করতে হবে। এ ব্যাপারে তিনি উপস্থিত সদস্যদের বলেন, আপনারা প্রয়োজনে সরোজমিনে দেখে কিভাবে এটির অধুনিকায়ন করা যায় তার পরামর্শ দিবেন এবং সে অনুযায়ী কাজ করা হবে। এ বিষয়ে তিনি সকলের সহায়তা কামনা করেন। | পৌর পরিষদ । |

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(হামিদা)
মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।

২. ......................................, সদস্য, নারী ও শিশু কমিটি।

# মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার তারিখঃ ২৫/০৪/২০১৯ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

| ক্রঃনং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন | মেয়র, মেহেরপুর পৌরসভা | |
| ২ | জনাবা মোছাঃ আলপনা খাতুন | মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা | |
| ৩ | জনাব মোছাঃ শিউলী খাতুন | মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা | শিউলী |
| ৪ | জনাব নুরুল আশরাফ রাজীব | কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা | |
| ৫ | জনাব সৈয়দ মনজুরুল কবীর | কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা | |
| ৬ | মোছাঃ হাসিনা খাতুন | টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা | হাসিনা |
| ৭ | খোন্দকার জাহিদুল হক | বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা | |
| ৮ | মো: আরিফুল ইসলাম | LCDA CUGIIP- | |
| ৯ | | | |